

তারিখ: ২৩/০৫/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকার বিষয় পরিবর্তন এবং ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্রীদের অনলাইনে ভর্তি সংক্রান্ত।

২য় মেধা তালিকায় ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই আগামী ০৯ জুন ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।

বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।

আবেদনকারীর করণীয়:

১। অনলাইনে ভর্তির ফরম পূরণ করার তারিখ: ০৩/০৬/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ পর্যন্ত।

২। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের করণীয়:

(ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত ভর্তি ফরম A4 সাইজের অফসেট সাদা কাগজে দুই কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

(খ) রাজশাহী সরকারি মহিলা কলেজের ওয়েব সাইটে (www.rgwcollege.edu.bd) প্রবেশ করে “ভর্তি সংক্রান্ত” সার্ভিস বক্সের স্নাতক (সম্মান) এ ক্লিক করতে হবে।

Education Level থেকে Under Graduate (Honours) সিলেক্ট করতে হবে। Honours Admission (2025-2026) এ Apply Now তে ক্লিক করতে হবে। এরপর প্রয়োজনীয় তথ্য দিয়ে Verify বাটনে ক্লিক করতে হবে। Student Basic Information পূরণপূর্বক Payment Method এ Ecpay Payment gateway সিলেক্ট



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
EIN No-126487

Telephone: 02588855694, Fax: 02588855535, E-mail: rgwcollege@yahoo.com, rgwcollege@rajshahi@gmail.com, website: www.rgwcollege.edu.bd


করে Save এ ক্লিক করার পর Submit করতে হবে। ফি এর পরিমাণ যাচাই করে সঠিক মোবাইল নম্বর দিয়ে Pay Now এ ক্লিক করতে হবে। Ekpays Payment gateway এর মাধ্যমে Payment সম্পন্ন করতে হবে। প্রাপ্ত Pdf A4 সাইজে প্রিন্ট করতে হবে।

(গ) কলেজ ওয়েবসাইট হতে ডাইনলোডকৃত ফরম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাইনলোডকৃত ফরম, এইচএসসির মার্কশীট এর মূলকপি ও ফটোকপি-১টি, এইচএসসির প্রশংসাপত্র ও ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে ০৩/০৬/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ফি

ক্রমিক নং	বিভাগ	মোট
০১.	বাংলা	৬১৫৪/-
০২.	ইংরেজী	৬১৫৪/-
০৩.	অর্থনীতি	৬১৫৪/-
০৪.	রাষ্ট্রবিজ্ঞান	৬১৫৪/-
০৫.	ইতিহাস	৬১৫৪/-
০৬.	ইসঃ ইতিহাস ও সংস্কৃতি	৬১৫৪/-
০৭.	দর্শন	৬১৫৪/-
০৮.	ভূগোল ও পরিবেশ	৬৮৫৪/-
০৯.	পদার্থবিজ্ঞান	৬৮৫৪/-
১০.	রসায়ন	৬৮৫৪/-
১১.	গণিত	৬৮৫৪/-
১২.	উদ্ভিদবিজ্ঞান	৬৮৫৪/-
১৩.	প্রাণিবিজ্ঞান	৬৮৫৪/-
১৪.	গার্হস্থ্যবিজ্ঞান	৬৮৫৪/-

প্রতিস্বাক্ষর


২৬/৫/২৬

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।


আহ্বায়ক

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।